

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.৩০৬

তারিখ: ২৯ কার্তিক ১৪২৫

১৩ নভেম্বর ২০১৮

বিষয়: কারমাইকেল কলেজ, এর নিজস্ব অর্থায়নে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল স্থাপনের অনুমতি।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৭-১০-২০১৮ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০১০.২০১৬-১১০২৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রংপুর জেলার কারমাইকেল কলেজ-এর নিজস্ব অর্থায়নে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল নির্মাণের অনুমতি নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। এতে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবেনা;
- ২। কলেজের উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহ করতে হবে;
- ৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে প্রাক্কলনের অনুমোদন গ্রহণ করতে হবে;
- ৪। কলেজ কতৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে কাজ বাস্তবায়ন করতে হবে;
- ৫। বিধি মোতাবেক PPA এবং PPR অনুসরণ করে কাজ বাস্তবায়ন করতে হবে;
- ৬। আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- ৭। শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;
- ৮। শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।



১৮-১১-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.৩০৬/১

তারিখ: ২৯ কার্তিক ১৪২৫

১৩ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) অধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।

৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-১১-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম

উপসচিব